মেহেরপুর জেলা জাতীয় পার্টি “সংবিধান সংরক্ষণ দিবস” পালন

৬ ডিসেম্বর সংবিধান সংরক্ষণ দিবস উপলক্ষে মেহেরপুর জেলা জাতীয় পার্টি আলোচনা সভা অনুষ্ঠিত হয়। মঙ্গলবার বিকেলে মেহেরপুর জেলা জাতীয় পার্টি প্রধান কার্যালয় কাথুলী বাস স্ট্যান্ডে এই আলোচনা সভার আয়োজন করা হয়।

মেহেরপুর জেলা জাতীয় পার্টি সদস্য সচিব সুমন পারভেজের সভাপতিত্বে মেহেরপুর পৌর জাতীয় পার্টি সদস্য সচিব মোঃ হামিদুল ইসলাম এর সঞ্চালনায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা জাতীয় পার্টি আহ্বায়ক আব্দুল হাদী। প্রধান বক্তা হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর পৌর জাতীয় পার্টির সভাপতি আব্দুল মান্নান।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সদর উপজেলা জাতীয় পার্টির সভাপতি খিলাফত আলী, সদর উপজেলা জাতীয় পার্টি সাংগঠনিক সম্পাদক মোঃ খাইরুল বাশার মিঠু, কুতুবপুর ইউনিয়ন জাতীয় পার্টি সভাপতি আনছারুল ইসলাম, শ্যামপুর ইউনিয়ন পার্টির সাধারণ সম্পাদক মোঃ রাহিন আলী, জাতীয় ছাত্র সমাজ মেহেরপুর জেলা শাখার আহ্বায়ক মোঃ রনি আহম্মেদ, জাতীয় যুব সংহতি মেহেরপুর জেলা শাখার আহ্বায়ক মোঃ মাহমুদুল হাসান, জাতীয় সংস্কৃতিক পার্টি মেহেরপুর শাখার আহ্বায়ক মোঃ ইনছান আলী, মেহেরপুর পৌরসভা ৫ নম্বর ওয়ার্ড জাতীয় পার্টি সাধারণ সম্পাদক বারেক আলী উপস্থিত ছিলেন।

মেহেরপুর জেলা জাতীয় পার্টির আহ্বায়ক আব্দুল হাদী বলেন বাংলাদেশের সকল জেলা এবং উপজেলা পর্যায়ের নেতা কর্মীদের একসাথে হয়ে কাজ করতে হবে।